



July 14, 2019

## ১০ হাজার তরুণকে প্রশিক্ষণ দেবে বিওয়াইএলসি

আইকিয়া ফাউন্ডেশন ও নেদারল্যান্ডস এম্বাসির সহযোগিতায় বাংলাদেশ ইয়ুথ লিডারশিপ সেন্টার(বিওয়াইএলসি) ১০ হাজার তরুণকে প্রশিক্ষণ দেবে। নতুন এই প্রকল্পের আওতায় ৪০০০ তরুণ-তরুণীকে চাকরি ও ৩০টি ব্যবসা উদ্যোগকে মূলধন সরবরাহ করা হবে।

আজ রোববার বিকেলে রাজধানীর একটি হোটেলে সাংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকল্পটি ঘোষণা করা হয়।

সাংবাদ সম্মেলনে বিওয়াইএলসির প্রেসিডেন্ট এজাজ আহমেদ বলেন, বাংলাদেশি তরুণদের জন্য টেকসই ও সমৃদ্ধ ভবিষ্যৎ নামের চার বছর মেয়াদি নতুন একটি প্রকল্প শুরু করছি। একুশ শতকে চাকরির বাজারে ভালো করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে তরুণদের তৈরি করতে বাংলাদেশে প্রথমবারের মতো অনলাইন ও ক্লাসরুমে প্রশিক্ষণ প্রদান করা হবে এই প্রকল্পের মাধ্যমে। এই প্রকল্পের আওতায় ৩০ টি ব্যবসা প্রতিষ্ঠানকে বাছাই করে ব্যবসা বৃদ্ধিতে মূলধন সরবরাহ ছাড়াও প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কো-ওয়ার্কিং স্পেসসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে যাতে করে তারা ব্যবসা শুরু করার প্রথম বছরে অন্তত ২০০ জন মানুষের কর্ম সংস্থানের ব্যবস্থা করতে পারে।

সম্মেলনে নেদারল্যান্ডস এম্বাসির প্রিন্স কম্পটান্টিন বলেন এটি এমন একটি প্রকল্প যা তরুণদের প্রয়োজনীয় দক্ষতা অর্জনের মাধ্যমে ভালো চাকরি পেতে সাহায্য করবে, যা তাদের আয় বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়নে ভূমিকা রাখবে। এই প্রকল্পের আওতায় নিম্ন আয়ের পরিবারের ১০ হাজার তরুণ-তরুণীকে বিভিন্ন দক্ষতার ওপর প্রশিক্ষণ দেওয়া হবে যাতে করে তারা কর্মক্ষেত্রে উন্নতি করতে পারে। এ ছাড়া ৪ হাজার তরুণ-তরুণীকে ক্যারিয়ার কাউন্সেলিং ও নিয়োগকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে চাকরি পেতে সাহায্য করা হবে। এটি তরুণদের প্রয়োজনীয় দক্ষতা এবং কর্মসংস্থানের অভাব মোকাবিলায় লক্ষ্যে একটি সমন্বিত উদ্যোগ।

বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত হ্যারি ভারওয়েজ বলেন, নেদারল্যান্ডস দূতাবাস বাংলাদেশের পরবর্তী প্রজন্মকে দক্ষতাসহ জীবিকা নির্বাহের সঙ্গে যুক্ত করার মাধ্যমে বাংলাদেশের উন্নয়নে অংশ হতে পেরে আনন্দিত।

এসবিকে টেক ভেঞ্চারের প্রতিষ্ঠাতা, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী সোনিয়া বশির কবির বলেন, বেকারত্ব দূর করার অন্যতম উপায় হল নতুন নতুন ব্যবসা প্রতিষ্ঠান তৈরি করা। প্রশিক্ষণের সঙ্গে সঙ্গে উদ্যোক্তা তৈরির মাধ্যমে নতুন কর্ম সংস্থান তৈরির এই উদ্যোগ সত্যি প্রশংসনীয়।

